
যোগীন্দ্রনাথ সরকার
মামার বাড়ী



মামার বাড়ী

যোগীন্দ্রনাথ সরকার




আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
কলকাতা ৭০০০০৯

প্রথম সংস্করণ অগাস্ট ১৯৮২

প্রচ্ছদ ও অলংকরণ দেবাশীষ দেব

আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেডের পক্ষে ফণিভূষণ দেব কর্তৃক
৪৫ বেনিয়াটোলা লেন কলিকাতা ৭০০০০৯ থেকে প্রকাশিত এবং
আনন্দ প্রেস এণ্ড পাবলিকেশনস প্রাইভেট লিমিটেডের পক্ষে
দ্বিজেন্দ্রনাথ বসু কর্তৃক পি ২৪৮ সি. আই. টি. স্কীম
নং ৬ এম কলিকাতা ৭০০০৫৪ থেকে মুদ্রিত।

মূল্য ৮·০০




যোগীন্দ্রনাথ সরকার
(১৮৬৬—১৯৩৭)


সূচীপত্র


মামাদের দরজায়
বাঘা থাকে এক;
তেড়ে নাহি আসে, নাহি
করে ভেক্ ভেক্ !






মামাদের পুকুরেতে
আছে বড় রুই;
পশু আর মাছে মিলে
একে একে দুই।





মামাদের বাগানেতে
চরিছে হরিণ ;
দুই পশু, এক মাছ—
দু'য়ে একে তিন।








মামাদের রাঙা গরু
কি বা রূপ তার ;
তিন পশু, এক মাছ—
তিনে একে চার।





মামাদের বানরের
কি মজার নাচ !
চারি পশু, এক মাছ—
চারে একে পাঁচ ।











মামাদের শাদা ভেড়া
উঠানেতে রয় ;
পাঁচ পশু, এক মাছ—
পাঁচে একে ছয়।

মামাদের খরগোস
চাটে এসে হাত
ছয় পশু, এক মাছ—
ছয়ে একে সাত।







মামাদের পোষা মেণি
যেন বড় লাট !
সাত পশু, এক মাছ—
সাতে একে আট।





মামাদের রাজহাঁস
পুকুরেতে রয়,
পশু, পাখী, মাছে মিলে
আটে একে নয়।







মামাদের চাকরের
হয়েছে বয়স,
সবে তারে ভালোবাসে,
নয়ে একে দশ।





হারাধনের দশটি ছেলে
(বিয়োগ)



হারাধনের দশটি ছেলে
ঘোরে পাড়াময়,
একটি কোথা হারিয়ে গেল
রইল বাকি নয়।




হারাধনের নয়টি ছেলে
কাটতে গেল কাঠ,
একটি কেটে দু'খান হল
রইল বাকি আট।






হারাধনের আটটি ছেলে
বসলো খেতে ভাত ;
একটির পেট ফেটে গেল
রইল বাকি সাত।

হারাধনের সাতটি ছেলে
গেল জলাশয়;
একটি সেথা ডুবে ম'ল
রইল বাকি ছয়।






হারাধনের ছয়টি ছেলে
চড়তে গেল গাছ;
একটি ম'ল পিছলে পড়ে
রইল বাকি পাঁচ।

হারাধনের পাঁচটি ছেলে
গেল বনের ধার;
একটি গেল বাঘের পেটে
রইল বাকি চার।







হারাধনের চারটি ছেলে
নাচে ধিন্ ধিন্,
একটি ম'ল আছাড় খেয়ে
রইল বাকি তিন।

হারাধনের তিনটি ছেলে
ধরতে গেল রুই,
একটি খেলে বোয়াল মাছে
রইল বাকি দুই।






হারাধনের দুইটি ছেলে
মারতে গেল ভেক,
একটি মল সাপের বিষে,
রইল বাকি এক।



হারাধনের একটি ছেলে
কাঁদে ভেউ ভেউ,
মনের দুঃখে বনে গেল
রইল না আর কেউ।

হারাধনের দশটি ছেলে
(যোগ)




হারাধনের সেই যে ছেলে
গিয়েছিল বনে ;
সাপে-খাওয়া ভা'য়ের দেখা
পেল ওঝার সনে।



হারাধনের দুইটি ছেলে
বেড়ায় হেসে খেলে,
মাছের পেটে পায় মেছুনি
মাছে-গেলা ছেলে !




হারাধনের তিনটি ছেলে
ওষুধ নিয়ে আসে ;
আছাড় খেয়ে মরা ছেলে
চক্ষু মেলে হাসে।





হারাধনের চারটি ছেলে
বাঘ-শিকারে যায় ;
বাঘে-খাওয়া ভাইকে তারা
বাঘের পেটে পায়।




হারাধনের পাঁচটি ছেলে
তা-ধেই-ধেই নাচে ;
পিছলে-প'ড়ে-মরা ছেলে
হাঁসপাতালে বাঁচে !

হারাধনের ছয়টি ছেলে
খেলছে সাঁতার বাজী ;
জলে-ডোবা ছেলেটিকে
তুল্লে করিম গাজী।



হারাধনের সাতটি ছেলে
দরজী ডেকে ঘরে-
পেট ফাটা সে ভা'য়ের পেটে
রিপু কর্ম্ম করে !






হারাধনের আটটি ছেলে
সুখ-দুঃখের সাথী ;
কাটা-ছেলে লাগায় জোড়া
'হরে' জোলার নাতি।



হারাধনের নয়টি ছেলে
বনের মাঝে যায়,
হারিয়ে যাওয়া ভাইকে শেষে
চোরের ঘরে পায় !

হারাধনের দশটি ছেলে
চোরকে গেল তেড়ে ;
চুলের ঝুঁটি ধরে দিল
কানটি কেটে ছেড়ে !



সন্দেশের হিসাব



একটি হাতে তিনটি আছে
আরেক হাতে ছয় ;
যোগ করিয়া খাই যদি
"নয়টি" শুধু হয়।



বিয়োগ যদি করি, মোটে
"তিনটি" হবে খাওয়া ;
ভাগ করিলে, দু'য়ের বেশী
যাবে না ক পাওয়া ।





এখন থেকে দুইটি হাতে
যতগুলি পাবো,
সবার আগে গুণ করিয়া
তার পরেতে খাবো।

একটু মাথা ঘামিয়ে, যদি
"আঠারটি" পাই,
বোকার মত কেন তবে
অল্প খেতে যাই।




যোগীন্দ্রনাথ সরকার
মামার বাড়ী